# School Certificate Examination 2017
# History (New)

**Time : 3 Hours** **Full Marks : 80**

**Questions are of value as indicated in the margin**

**বিভাগ – 'ক'**

**১। নিম্নলিখিত প্রশ্নগুলির মধ্য থেকে যে কোনো দশটি প্রশ্নের উত্তর দাও। উত্তর সম্পূর্ণ বাক্যে হওয়া আবশ্যিক।** ১×১০=১০

(ক) কে মুর্শিদাবাদ থেকে মুঙ্গেরে রাজধানী স্থানান্তর করেছিলেন ?

(খ) বাংলার প্রথম গভর্ণর জেনারেল কে ছিলেন ?

(গ) মারাঠাদের কোন্ পেশোয়া লর্ড ওয়েলেসলির অধীনতামূলক মিত্রতা নীতি গ্রহণ করেছিলেন ?

(ঘ) বঙ্কিমচন্দ্রের কোন্ উপন্যাসে সন্ন্যাসী বিদ্রোহের কাহিনী বর্ণিত হয়েছে ?

(ঙ) 'এশিয়াটিক সোসাইটি' কার উদ্যোগে প্রতিষ্ঠিত হয়?

(চ) রবীন্দ্রনাথ কাকে 'ভারত পথিক' বলে অভিহিত করেছেন ?

(ছ) বাংলার যে কোনো একটি গুপ্ত বিপ্লবী সমিতির নাম লেখ।

(জ) বঙ্গভঙ্গের প্রস্তাবের প্রতিবাদে কে রাখিবন্ধন উৎসবের ডাক দিয়েছিলেন ?

(ঝ) 'স্বরাজ আমার জন্মগত অধিকার, আমি তা লাভ করবই'- উক্তিটি কার ?

(ঞ) 'Poverty and Un-British Rule in India'- কার রচনা ?

(ট) গান্ধিজীর 'রাজনৈতিক গুরু' কাকে বলা হয় ?

(ঠ) নেতাজী আন্দামান ও নিকোবর দ্বীপপুঞ্জের কী নাম দিয়েছিলেন ?

(ড) ব্রিটিশ ভারতের শেষ গভর্ণর জেনারেল কে ছিলেন ?

(ঢ) ভারতীয় সংসদের নিম্নকক্ষ কী নামে পরিচিত ?

(ণ) কত বছর বয়সে ভারতীয় নাগরিক ভোটদানের অধিকারী হন ?

**বিভাগ-খ**

২। **শূণ্যস্থান পূরণ কর: (যে কোনো চারটি)** ১×৪=৪

(ক) ইংরেজ ইষ্ট ইণ্ডিয়া কোম্পানী ১৭৬৫ খ্রিষ্টাব্দে মোগল সম্রাট _______এর কাছ থেকে দেওয়ানি লাভ করে।

(খ) সিপাহী বিদ্রোহকালীন ভারতের গভর্ণর জেনারেল ছিলেন _______।

(গ) _______ ছিলেন আর্যসমাজের প্রতিষ্ঠাতা।

(ঘ) জালিয়ানওয়ালাবাগের হত্যাকাণ্ডের প্রতিবাদে রবীন্দ্রনাথ ঠাকুর _______ উপাধি ত্যাগ করেন।

(ঙ) _______ গান্ধিজীকে 'মহাত্মা' নামে অভিহিত করেন।

(চ) _______ ডাক দিয়েছিলেন 'দিল্লি চলো'।

(ছ) ভারতের রাষ্ট্রপতির কার্যকালের মেয়াদ _______ বছর।

**৩। কালানুক্রম অনুসারে সাজিয়ে লেখ।** ১×৪=৪

(ক) বঙ্গভঙ্গ

(খ) আইন অমান্য আন্দোলন

(গ) অসহযোগ আন্দোলন

(ঘ) মন্ত্রিমিশন

P.T.O.

অথবা

(ক) মর্লে-মিন্টো সংস্কার আইন

(খ) রাউলাট এ্যাক্ট

(গ) নেহেরু রিপোর্ট

(ঘ) নৌবিদ্রোহ

৪। **সঠিক উত্তরটি বেছে নিয়ে উত্তরটি পূর্ণবাক্যে খাতায় লেখ। (যে কোনো চারটি):** ১×৪=৪

(ক) বন্দিবাসের যুদ্ধ (যা ভারতে ফরাসী শক্তির পতন ঘটিয়েছিল) সংঘটিত হয়েছিল –
(১) ১৭৬১ খ্রিষ্টাব্দে (২) ১৭৬০ খ্রিষ্টাব্দে (৩) ১৭৬৫ খ্রিষ্টাব্দে।

(খ) ১৮৫৭ সালের সিপাহী বিদ্রোহে বিহারে নেতৃত্ব দিয়েছিলেন –
(১) অমর সিং (২) ইমাদউদ্দিন (৩) কুনওয়ার সিং।

(গ) ভারতে ইংরেজী শিক্ষার বিষয়টি উত্থাপিত করেছিলেন- (১) মেকলে (২) কার্জন (৩) ডালহৌসি।

(ঘ) ভারতের জাতীয় কংগ্রেস প্রতিষ্ঠার সময় ভারতের গভর্ণর জেনারেল ছিলেন-
(১) লর্ড রিপণ (২) লর্ড কার্জন (৩) লর্ড ডাফরিন।

(ঙ) গদর পার্টি সংগঠিত করেন- (১) চন্দ্রশেখর আজাদ (২) লালা হরদয়াল (৩) সাভারকর।

(চ) লণ্ডনে গান্ধি-আরউইন চুক্তি স্বাক্ষরিত হয়েছিল-
(১) ১৯৩১ খ্রিষ্টাব্দে (২) ১৯৩০ খ্রিষ্টাব্দে (৩) ১৯২০ খ্রিষ্টাব্দে।

(ছ) ডাণ্ডি (যেখানে মহাত্মাগান্ধি লবণ আইন ভঙ্গ করেছিলেন) অবস্থিত –
(১) উড়িষ্যা উপকূলে (২) বাংলা উপকূলে (৩) গুজরাট উপকূলে।

৫। **ডানদিকের তথ্যের সাথে বামদিকের তথ্য মিলিয়ে লেখ। (যে কোনো চারটি):** ১×৪=৪

| | | | |
|---|---|---|---|
| (ক) | মহীশূর শার্দুল | (১) | গান্ধিজি |
| (খ) | ভারতের ম্যাকিয়াভেলি | (২) | খান আবদুল গফফর খান |
| (গ) | পাঞ্জাব কেশরী | (৩) | মাতঙ্গিনী হাজরা |
| (ঘ) | গ্র্যাণ্ড ওল্ড ম্যান | (৪) | টিপু সুলতান |
| (ঙ) | সীমান্ত গান্ধি | (৫) | রণজিৎ সিং |
| (চ) | কাইজার-ই-হিন্দ্ | (৬) | নানা ফড়নবীশ |
| (ছ) | গান্ধিবুড়ি | (৭) | দাদাভাই নৌরজি |

৬। **সঠিক উত্তরটি মিলিয়ে লেখ (যে কোনো চারটি):** ১×৪=৪

| | | | |
|---|---|---|---|
| (ক) | মদনমোহন মালব্য | (১) | হোমরুল আন্দোলন |
| (খ) | অ্যালান অক্টাভিয়ান হিউম | (২) | 'ইণ্ডিয়ান ন্যাশনাল আর্মি' |
| (গ) | অ্যানি বেসান্ত | (৩) | চিরস্থায়ী বন্দোবস্ত |
| (ঘ) | লর্ড উইলিয়াম বেন্টিঙ্ক | (৪) | মন্ত্রিমিশন |
| (ঙ) | লর্ড কর্ণওয়ালিস | (৫) | সতীদাহ প্রথার উচ্ছেদ |
| (চ) | প্যাথিক লরেন্স | (৬) | বেনারস হিন্দু ইউনিভারসিটি |
| (ছ) | সুভাষচন্দ্র বসু | (৭) | ইণ্ডিয়ান ন্যাশনাল কংগ্রেস |

## বিভাগ-গ

**৭। নিম্নলিখিত প্রশ্নগুলির মধ্যে যে কোনো দশটি প্রশ্নের উত্তর দাও।** ২×১০=২০

(ক) অধীনতামূলক মিত্রতা নীতি কে প্রবর্তন করেন? কোন ভারতীয় শাসক এই নীতি সর্বপ্রথম গ্রহণ করেন? ১+১=২

(খ) বাংলায় ওয়াহাবি আন্দোলনের প্রধান নেতা কে ছিলেন? বাংলায় এই আন্দোলনের প্রধান ঘাঁটি কোথায় ছিল? ১+১=২

(গ) 'উডের ডেসপ্যাচ' (নির্দেশনামা) বলতে কী বোঝায়? এই নির্দেশনামা কবে ঘোষিত হয়? ১+১=২

(ঘ) কার উদ্যোগে 'নব্যবঙ্গ আন্দোলনের' সূচনা হয়? তিনি কোন্ কলেজের অধ্যাপক ছিলেন? ১+১=২

(ঙ) বঙ্গভঙ্গের ফলে গঠিত দুটি প্রদেশের নাম কী কী? ২

(চ) প্রথম বিশ্বযুদ্ধে অংশগ্রহণকারী দুই পক্ষ কী নামে পরিচিত ছিল? ১+১=২

(ছ) আইন অমান্য আন্দোলন কত খ্রিষ্টাব্দে, কার নেতৃত্বে শুরু হয়? ১+১=২

(জ) সাইমন কমিশন কত খ্রিষ্টাব্দে ভারতে এসেছিল? এই কমিশনের বিরুদ্ধে ভারতীয়দের ক্ষোভের কারণ কী ছিল? ১+১=২

(ঝ) 'ত্রিপুরি কংগ্রেস' কবে অনুষ্ঠিত হয়? এর সভাপতি কে ছিলেন? ১+১=২

(ঞ) ক্রিপস্ কে ছিলেন? কত সালে 'ক্রিপস্ মিশন' ভারতে আসে? ১+১=২

(ট) আজাদ হিন্দ ফৌজের নারী সেনাদলের নাম কী ছিল? ওই সেনাদলের নেতৃত্বে কে ছিলেন? ১+১=২

(ঠ) গনপরিষদের প্রথম সভাপতি কে? ভারতের সংবিধান কবে কার্যকরী হয়? ১+১=২

(ড) ভারতের ইতিহাসে ১৯৪৭ সালের ১৫ই আগষ্ট কেন গুরুত্বপূর্ণ? স্বাধীন ভারতের প্রথম প্রধানমন্ত্রী কে ছিলেন? ১+১=২

(ঢ) ভারতের উচ্চতম আদালত কোনটি? এই আদালতের বিচারপতিকে কে নিয়োগ করেন? ১+১=২

(ণ) ভারতীয় সংবিধানে সন্নিবদ্ধ মৌলিক অধিকারগুলির মধ্যে যে-কোনো দুটি উল্লেখ কর। ২

## বিভাগ-ঘ

৮। **যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও।** ৫×২=১০

(ক) পলাশির যুদ্ধ কবে হয়েছিল? এই যুদ্ধ কাদের মধ্যে হয়েছিল? পলাশির যুদ্ধের সময় ইংরেজ সেনাপতি কে ছিলেন? এই যুদ্ধের গুরুত্ব কী ছিল? ১+১++১+২=৫

(খ) কোন সন্ধির দ্বারা দ্বিতীয় ইঙ্গ-মহীশূর যুদ্ধের পরিসমাপ্তি হয়? টিপু সুলতান কোন্ ফরাসী ক্লাবের সদস্য ছিলেন? শ্রীরঙ্গপত্তমের সন্ধি কবে স্বাক্ষরিত হয়? এই সন্ধির শর্তগুলি লেখ। ১+১+১+২=৫

(গ) খিলাফৎ আন্দোলন কী? এই আন্দোলনের লক্ষ্য কী ছিল? এই আন্দোলনের একজন নেতার নাম কী? ২+২+১=৫

(ঘ) সংবিধান কী? সংবিধানসভা বা গণপরিষদ কাকে বলা হয়? সংবিধান সভার প্রথম অধিবেশন কত খ্রীষ্টাব্দে, কোথায় অনুষ্ঠিত হয়েছিল? ১+২+২=৫

## বিভাগ-ঙ

৯। **যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও।** ১০×২=২০

(ক) আমিনি কমিশন কে গঠন করেন এবং কেন? দশসালা বন্দোবস্ত কাকে বলে? বাংলায় চিরস্থায়ী বন্দোবস্ত কখন চালু হয়? চিরস্থায়ী বন্দোবস্ত কাকে বলে? চিরস্থায়ী বন্দোবস্তের সুফল ও কুফল আলোচনা কর। ২+১+১+১+৫=১০

(খ) ভারতের জাতীয় কংগ্রেস কত খ্রিষ্টাব্দে প্রতিষ্ঠিত হয়? কংগ্রেসের কোন্ অধিবেশনে নরমপন্থী ও চরমপন্থীদের বিচ্ছেদ ঘটে? নরমপন্থী কাদের বলা হয়? জাতীয় কংগ্রেসে দু'জন চরমপন্থী নেতার নাম লেখ। চরমপন্থীদের লক্ষ্য কি ছিল? ১৮৮৫ থেকে ১৯০৫ খ্রিষ্টাব্দ পর্যন্ত জাতীয় কংগ্রেসের নীতি ও কার্যাবলী মুল্যায়ন কর। ১+১+১+১+১+৫=১০

(গ) অসহযোগ আন্দোলনের ডাক কে দেন? এই আন্দোলন কখন শুরু হয়? জাতীয় কংগ্রেসের কোন্ অধিবেশনে অসহযোগ আন্দোলনের প্রস্তাব গৃহীত হয়? চৌরিচৌরা ঘটনা কী? অসহযোগ আন্দোলনে অংশগ্রহণ করেছিলেন এমন একজন বঙ্গনারীর নাম লেখ। ভারতের স্বাধীনতাসংগ্রামের ইতিহাসে এই আন্দোলনের গুরুত্ব সম্পর্কে লেখ। ১+১+১+২+১+৪=১০

(ঘ) 'ভারত ছাড়ো' আন্দোলনের প্রস্তাব কবে গৃহীত হয়? এই আন্দোলনের মূল মন্ত্র কী ছিল? 'ভারত ছাড়ো' আন্দোলন কবে শুরু হয়? এই আন্দোলনের দু'জন নেতার নাম লেখ। 'ভারতছাড়ো' প্রবন্ধ গান্ধিজির কোন পত্রিকায় প্রকাশিত হয়? ভারতের জাতীয় মুক্তি সংগ্রামের ইতিহাসে 'ভারত ছাড়ো' আন্দোলনের গুরুত্ব কী? ১+১+১+২+১+৪=১০